# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৯. আসমান হতে খাদ্য নাযিল করার মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্মানিত করা হয়েছে (তার বর্ণনা)

## بَاب مَا أُكْرِمَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بِنُزُولِ الطَّعَامِ مِنْ السَّمَاءِ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ، عَنْ أَبِي الْعَلَاءِ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ رَضِيَ اللهُ عَنْهُ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: " أُتِيَ بِقَصْعَةٍ مِنْ ثَرِيدٍ "، فَوُضِعَتْ بَيْنَ يَدَيْ الْقَوْمِ، فَتَعَاقَبُوهَا إِلَى الظُّهْرِ مِنْ غُدْوَةٍ، يَقُومُ قَوْمٌ وَيَجْلِسُ آخَرُونَ، فَقَالَ رَجُلٌ لِسَمُرَةَ بْنِ جُنْدُبٍ: أَمَا كَانَتْ تُمَدُّ؟، فَقَالَ سَمُرَةُ: مِنْ أَيِّ شَيْءٍ تَعْجَبُ؟ مَا كَانَتْ تُمَدُّ إِلَّا مِنْ هَا هُنَا، وَأَشَارَ بِيَدِهِ إِلَى السَّمَاءِ

إسناده صحيح

বাংলা

৫৭. সামুরাহ বিন জুনদুব রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, (একদা) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বড় এক বাটি ছারীদ (ঝোলে ভেজানো রুটি) দেয়া হল। অত:পর তা লোকদের সামনে রাখা হল। তখন তারা সকাল থেকে যোহর পর্যন্ত তা থেকে পালাক্রমে খেতে থাকল। একদল লোক খেয়ে উঠে যায় তো আরেকদল খেতে বসে - (এভাবে চলতে থাকে)। তখন এক ব্যক্তি সামুরাহ ইবনু জুনদুব রা:কে জিজ্ঞেস করল, সেটা কি বৃদ্ধি করা হয়েছিল না? তখন সামুরাহ বললেন: তুমি কি কারণে আশ্চর্যবোধ করছো? বৃদ্ধি তো কেবল ওখান থেকেই হতো' - একথা বলে তিনি আসমানের দিকে ইঙ্গিত করলেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ । (বাইহাকী, তিরমিযী, হাকিম সকলেই সহীহ বলেছেন।)

তাখরীজ: ইবনু আবী শাইবাহ ১১/৪৬৫-৪৬৬;, তিরযিমী, ৩৬২৯; সহীহ ইবনু হিব্বান ৬৫২৯, আহমাদ ৫/১২; বাইহাকী, দালাইল ৬/৯৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45822

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন